

# এসএসসির ফরম পূরণের সময় বাড়ল

নিজস্ব প্রতিবেদক



ফাইল ছবি

২০২৪ সালের এসএসসি পরীক্ষার ফরম পূরণের

সময়সীমা বাড়িয়েছে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক

শিক্ষা বোর্ড, ঢাকা। বিলম্ব ফি ছাড়া অনলাইনে

পরীক্ষার ফরম পূরণের (ইএফএফ) সময়সীমা

কাল বুধবার পর্যন্ত বাড়ানো হয়েছে। ফি জমা

দেওয়া যাবে আগামী বৃহস্পতিবার পর্যন্ত।

আজ মঙ্গলবার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা

বোর্ড, ঢাকার পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক মো.

আবুল বাশারের সহ করা এক বিজ্ঞপ্তিতে এ তথ্য

জানানো হয়।

এর আগে গত ১৫ অক্টোবর ২০২৪ সালের

এসএসসির ফরম পূরণের বিজ্ঞপ্তি প্রকাশ করা

হয়। আগের নির্দেশনা অনুযায়ী বিলম্ব ফি ছাড়া

অনলাইনে ফরম পূরণের সময়সীমা ৭ নভেম্বর

পর্যন্ত নির্ধারণ করা হয়েছিল। ফি জমাদানের

সময়সীমা ছিল ৮ নভেম্বর। এ বছর বিজ্ঞান

বিভাগের শিক্ষার্থীদের জন্য ফি নির্ধারণ করা

হয়েছে দুই হাজার ১৪০ টাকা।

ব্যবসায় শিক্ষা বিভাগ ও মানবিক বিভাগের

নিয়মিত শিক্ষার্থীদের ফি নির্ধারণ করা হয়েছে দুই

হাজার ২০ টাকা।